

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), পাইকগাছা

পাইকগাছা (শিববাটি ব্রিজ রোড), খুলনা।

Website: www.ttcpaikgasa.khulna.gov.bd

পাইকগাছা টিটিসির
উপস্থিত ম্যাপের ঠিকানা



পাইকগাছা টিটিসির
অফিসের ঠিকানা

ভর্তি বিজ্ঞপ্তি

ASSET প্রকল্পের আওতায় শর্ট কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি (সম্পূর্ণ ফ্রি)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পাইকগাছা, খুলনাকে Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের আওতায় দেশের ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে দেশের যুব, শ্রমিক, নারী, প্রতিবন্ধী, অগ্রসর ও সুবিধাবঞ্চিতদের জন্য দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে (এম সাইকেল) নভেম্বর/২০২৫-জানুয়ারি/২০২৬ খ্রি: সেশনে ০৩ মাস (৩৬০ ঘন্টা) মেয়াদী নিম্ন বর্ণিত শর্টকোর্সসমূহে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য আবেদন আহ্বান করা হচ্ছে।

ক্রম	কোর্সসমূহ	মেয়াদ	লেভেল	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য	বয়স	আসন সংখ্যা
০১	কম্পিউটার অপারেশন	৩ মাস	লেভেল-২	এসএসসি/ সমমান।	১৮-৪৫	২৪
০২	গ্রাফিক ডিজাইন	৩ মাস	লেভেল-৩	এসএসসি/ সমমান এবং গ্রাফিক ডিজাইনের ক্ষেত্রে কম্পিউটার বেসিক নলেজ থাকতে হবে।	১৮-৪৫	২৪
০৩	ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স	৩ মাস	লেভেল-২	৮ম শ্রেণী/ সমমান।	১৮-৪৫	২৪
০৪	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	৩ মাস	লেভেল-১	৮ম শ্রেণী/ সমমান।	১৮-৪৫	২৪
০৫	মোটর ড্রাইভিং	৩ মাস	লেভেল-৩	৮ম শ্রেণী/ সমমান।	২১-৪৫	২৪

ফরম বিতরণ ও ভর্তি কার্যক্রম:

- ফরম বিতরণ ও জমা:- ০৮/১০/২০২৫ খ্রি: হতে ০৯/১১/২০২৫ খ্রি:
- ভর্তি পরীক্ষা:- ১০/১১/২০২৫ খ্রি: সকাল ১০.০০ ঘটিকায় (অত্রকেন্দ্রে)।
- ভর্তি পরীক্ষা ফলাফল:- ১০/১১/২০২৫ খ্রি: দুপুর ০৪.০০ ঘটিকায় নোটিশ বোর্ড, Facebook :- Paikgacha Ttc Khulna, Website :- www.ttcpaikgasa.khulna.gov.bd
- ভর্তির তারিখ:- ১১/১১/২০২৫ খ্রি: হতে ১২/১১/২০২৫ খ্রি:
- ভর্তি (অপেক্ষামান তালিকা হতে):- ১৩/১১/২০২৫খ্রি:
- ক্লাস শুরু তারিখ:- ১৬/১১/২০২৫ খ্রি: (রবিবার)

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ কপি ছবি।
- NID/Birth Registration Certificate এর সত্যায়িত ফটোকপি।
- শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি।
- প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রমাণে সমাজসেবা/ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক সনদপত্রের সত্যায়িত কপি।

ভর্তির শর্ত ও সুযোগ-সুবিধা সমূহ:

- নিয়মিত উপস্থিতি সাপেক্ষে সাধারণ প্রশিক্ষণার্থীগণকে প্রতিমাসে ১৫০০ টাকা এবং নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রশিক্ষণার্থীগণকে প্রতিমাসে ২০০০ টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। (বাজেট প্রাপ্তি সাপেক্ষে)
- যাতায়াত ভাতা হিসেবে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দৈনিক ১০০ টাকা হারে মাসিক সর্বোচ্চ ২২০০ টাকা প্রদান করা হবে। (বাজেট প্রাপ্তি সাপেক্ষে)
- প্রশিক্ষণার্থীদের উপস্থিতি Facial Recognition Camera এবং Biometric এর মাধ্যমে নিশ্চিত করা হবে।
- একজন প্রশিক্ষণার্থী একই কোর্সের উচ্চতর প্রশিক্ষণ নিতে পারবে তবে একাধিক কোর্স বা অকুপেশনে প্রশিক্ষণ নিতে পারবে না।
- সকল ধরণের সম্মানী ও প্রশিক্ষণ ভাতা ব্যাংকিং চ্যানেলে বা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- BNQF পদ্ধতিতে NSDA এর CS অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রশিক্ষণ শেষে সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের NSDA এর আওতায় BNQF Level Assessment এ আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।

জরুরী প্রয়োজনে: ০১৭১২-৪০৪৬৫৩ (কম্পিউটার অপারেশন), ০১৯১৭-৮২৯৭৫৮ (গ্রাফিক ডিজাইন), ০১৯১৪-১২২৭৫৩ (ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স), ০১৭১৬-৫৬১৮৭১ (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং), ০১৭৪৩-৫০২৯১৮ (মোটর ড্রাইভিং)

(প্রকৌশলী মোঃ আব্দুল অহিদ মোড়ল)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পাইকগাছা, খুলনা।